



ফরিদ উদ্দীন আহমেদ মাকসুদ কামাল

ঢাবি শিক্ষক সমিতি নির্বাচন  
সভাপতি-সাধারণ  
সম্পাদকসহ ৯ পদে  
নীল দল জয়ী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক  
ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে আওয়ামী লীগ ও বাম সমর্থক নীল দল। সমিতির কার্যনির্বাহী পরিষদের ১৫টি পদের মধ্যে সভাপতি-সাধারণ সম্পাদকসহ ৯টিতে বিজয়ী হয়েছেন তারা। সহসভাপতিসহ ৬টি পদে জামায়াত-বিএনপি সমর্থক মাদাদ দল বিজয়ী হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে ভোট গ্রহণ করা হয়। বিকেল সাড়ে ৫টার দিকে ভোটগণনা শেষে ফল ঘোষণা করেন নির্বাচন পরিচালক অধ্যাপক এ কে ফজলুল হক শামু।

নীল দলের বিজয়ীরা হলেন- সভাপতি অর্থনীতি বিভাগের অধ্যাপক ফরিদ উদ্দীন আহমেদ, সাধারণ সম্পাদক দুর্ভোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক এএসএম মাকসুদ কামাল, যুগ্ম সম্পাদক ক্রিমিনোলজি বিভাগের অধ্যাপক জিয়াউর রহমান, কোষাধ্যক্ষ ব্যাংকিং বিভাগের অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক আখতারুজ্জামান, রসায়ন বিভাগের অধ্যাপক আফতাব আলী শেখ, অর্থনীতি বিভাগের অধ্যাপক আবুল বারকাত, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক এ কে এম গোলাম রক্কানী ও অণুজীব বিজ্ঞান বিভাগের সাবেতা রিজওয়ানা রহমান।

মাদাদ দলের বিজয়ীরা হলেন- সহ-সভাপতি মৃত্তিকা পানি ও পরিবেশ বিভাগের অধ্যাপক আখতার হোসেন খান এবং কার্যনির্বাহী সদস্য পরিসংখ্যান বিভাগের অধ্যাপক লুৎফর রহমান, ইংরেজি বিভাগের অধ্যাপক সদরুল আমিন, ক্রিমিক্যাল ফোর্সিবি বিভাগের অধ্যাপক আবুল হাসনাত, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক এবিএম ওবায়দুল ইসলাম ও প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক লায়লা নূর ইসলাম।